

B.A. 1st Semester (Honours) Examination, 2022

বাংলা

Course Title: বাংলা সাহিত্যের ঐতিহ্য

Course Code: AHBNG-101-C-1

Course ID: 10111

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) কে, কত খ্রিস্টাব্দে চর্যাপদের পুঁথি আবিষ্কার করেন?

খ) চর্যাপদের পদকর্তা হিসেবে সর্বমোট কতজনের নাম পাওয়া যায়? চর্যাপদের সর্বাধিক পদ রচনার কৃতিত্ব কোন কবির?

গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে রাখার পিতা ও মাতার নাম কী?

ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের মোট ক'টি খণ্ড? প্রথম চারটি খণ্ডের নাম লেখো।

ঙ) "কাঠের সঁউতি মোর হৈলা অষ্টপদ।"- এখানে 'সঁউতি' ও 'অষ্টপদ' শব্দদুটির অর্থ কী?

চ) ভারতচন্দ্রের 'যাবনী মিশাল' ভাষা বলতে কী বোঝ?

ছ) 'হুতোমপ্যাঁচার নকশা' কার লেখা? এর প্রকাশ কাল লেখো।

জ) 'হুতোমপ্যাঁচার নকশা'র অন্তর্গত দু'টি বড় ও দু'টি ছোট নকশার নাম লেখো।

২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) "কাআ তরুবর পঞ্চবি ডাল।" -- রচয়িতার নাম উল্লেখ করে পদটির ভাবার্থ বিশ্লেষণ করো।

খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'রাধাবিরহ' অংশটি প্রক্ষিপ্ত কিনা আলোচনা করো।

গ) "আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।"- উক্তিটির বক্তা কে? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

ঘ) 'চড়ক' নকশাটি অবলম্বনে তৎকালীন বাঙালির হজুগের স্বরূপ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ x ১০ = ২০

ক) চর্যাপদের কাব্যমূল্য বিচার করো।

খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের নাট্যগুণ সম্পর্কে পাঠ্য অংশ অবলম্বনে আলোচনা করো।

গ) "রাজসভার কবি রায়গুণাকরের অন্নদামঙ্গল গান রাজকণ্ঠের মণিমালার মতো। যেমন তাহার উজ্জ্বলতা, তেমনি তাহার কারুকার্য।"—'অন্নদামঙ্গল' প্রসঙ্গে রবীন্দ্রনাথের এই উক্তির সারবত্তা বিচার করো।

ঘ) 'হুতোমপ্যাঁচার নকশা' নকশা জাতীয় গ্রন্থ হিসাবে কতখানি সার্থক তা, আলোচনা করো।